# মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
৫৮, আগ্রাবাদ বা/এলাকা, চট্টগ্রাম।

## ৪৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী

মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ৪৪তম বার্ষিক সাধারণ সভা ০২ জানুয়ারি ২০২৩, সোমবার বেলা ০৩:০০ ঘটিকায় **"ডিজিটাল প্ল্যাটফর্ম"** লিংক **https://meghnapetroleum.digitalagmbd.net**-এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব জনাব মোঃ মাহবুব হোসেন। সভায় পরিচালনা পর্ষদের উপস্থিতি নিম্নরূপঃ

| | |
|---|---|
| **জনাব মোঃ মাহবুব হোসেন**<br>সিনিয়র সচিব<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | **চেয়ারম্যান** |
| **জনাব খালিদ আহম্মেদ**<br>পরিচালক (অপাঃ ও পরিঃ), বিপিসি। | **পরিচালক** |
| **জনাব মোঃ আসমাউল হোসেন**<br>অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব | **স্বাধীন পরিচালক** |
| **জনাব মোঃ খলিলুর রহমান**<br>অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব | **স্বাধীন পরিচালক** |
| **জনাব আবু দাইয়ান মোহম্মদ আহসানউল্লাহ**<br>যুগ্মসচিব<br>অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা। | **পরিচালক** |
| **কাজী শাহজাহান**<br>উপ-সচিব (সিনিয়র সচিবের একান্ত সচিব)<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | **পরিচালক** |
| **শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন**<br>উপ-সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | **পরিচালক** |
| **জনাব আবুল ফজল মোঃ নাফিউল করিম**<br>বাড়ী #এইচ-২৯৫, এফ-এ০১, ফ্রি স্কুল স্ট্রীট<br>কাঁঠালবাগান ঢাল, ঢাকা। | **পরিচালক** |
| **জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম**<br>স্কয়ার ফার্মাসিউটিক্যালস লিমিটেড<br>স্কয়ার সেন্টার, ৪৮ মহাখালী বা/এ, ঢাকা। | **শেয়ারহোল্ডার পরিচালক** |
| **জনাব মোঃ মাসুদুর রহমান**<br>ব্যবস্থাপনা পরিচালক<br>মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড, চট্টগ্রাম। | **পরিচালক** |

**সভায় উপস্থিত থেকে সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করেন ঃ**

**জনাব রেজা মোঃ রিয়াজউদ্দিন**
কোম্পানি সচিব
মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড।

সভায় বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের প্রতিনিধি কাজী মুহাম্মদ মোজাম্মেল হক, পরিচালক (অর্থ), বিপিসি; জনাব অনুপম বড়ুয়া, পরিচালক (বিপণন), বিপিসি; জনাব মুহাম্মদ আশরাফ হোসেন, সচিব, বিপিসি; জনাব মোঃ ইউসুফ হোসেন ভূঁইয়া, উর্ধ্বতন মহাব্যবস্থাপক (নিরীক্ষা), বিপিসি; জনাব মুস্তফা কুদরুত-ই-ইলাহী, মহাব্যবস্থাপক (বাণিজ্য ও অপারেশন্স), বিপিসি; জনাব এ টি এম সেলিম, মহাব্যবস্থাপক (হিসাব), বিপিসি; জনাব মোঃ আবুল কালাম আজাদ. মহাব্যবস্থাপক (বণ্টন ও বিপণন), বিপিসি; জনাব মনি লাল দাশ, মহাব্যবস্থাপক (অর্থ), বিপিসি; ইঞ্জিনিয়ার মোঃ শফিকুল ইসলাম, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন), বিপিসি; জনাব মোহাম্মদ জাহিদ হোসেন, উপ-মহাব্যবস্থাপক (বাণিজ্য ও অপারেশন্স), বিপিসি সহ ১৯০ জন শেয়ারহোল্ডার ডিজিটাল প্ল্যাটফর্মে আয়োজিত কোম্পানির ৪৪তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ করেন।

কোম্পানি সচিব সভার শুরুতে কোম্পানির ৪৪তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণকারী পরিচালনা পর্ষদের সম্মানীত চেয়ারম্যান, পরিচালকমন্ডলী এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের প্রতিনিধিসহ সকল সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দকে স্বাগত জানান। তিনি উল্লেখ করেন যে, করোনা মহামারীর পূর্বে অত্র কোম্পানির প্রতিটি বার্ষিক সাধারণ সভা সম্মানিত শেয়ারহোল্ডারগণের সরব উপস্থিতিতে আড়ম্বরপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছিল। কিন্তু বিশ্বব্যাপী চলমান মহামারী কোভিড-১৯ পরিস্থিতিতে জনসমাগম এড়াতে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনার আলোকে শেয়ারহোল্ডারদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করে বার্ষিক সাধারণ সভা ডিজিটাল প্ল্যাটফর্মে আয়োজন করা হয়েছে।

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব এবং মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যানকে বার্ষিক সাধারণ সভায় সভাপতিত্ব করার অনুরোধ জানালে চেয়ারম্যান উপস্থিত সম্মানিত পরিচালকবৃন্দ ও শেয়ারহোল্ডারবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে ৪৪তম বার্ষিক সাধারণ সভার কার্যক্রমের শুভ সূচনা ঘোষণা করেন। অতঃপর পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করা হয় এবং সম্মানিত শেয়ারহোল্ডারগণের নিকট কোম্পানি পরিচালক পর্ষদের সদস্যদের পরিচিতি প্রদান করা হয়। চেয়ারম্যানের অনুমতিক্রমে কোম্পানি সচিব মেঘনা পেট্রোলিয়াম লিমিটেডের ৪৪তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি পাঠ করেন। অতঃপর কোম্পানি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান স্বাগত বক্তব্য রাখেন।

**কোম্পানির পরিচালক পর্ষদের চেয়ারম্যান জনাব মোঃ মাহবুব হোসেন এর স্বাগত বক্তব্য ঃ**

পরিচালনা পর্ষদের চেয়ারম্যান কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, পরিচালকবৃন্দ, কেম্পানির কর্মকর্তা ও শ্রমিক-কর্মচারী এবং অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন। তিনি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের সদস্যদের, যাঁরা ১৯৭৫ সালের ১৫ আগস্ট নির্মমভাবে শাহাদাৎ বরণ করেছেন। সেই সাথে স্মরণ করেন জাতীয় চার নেতা, ত্রিশ লক্ষ শহীদ এবং দুই লক্ষ মা-বোনদের, যাঁদের আত্মত্যাগের বিনিময়ে বাংলাদেশের স্বাধীনতা অর্জিত হয়েছে। তিনি জানান, ১৯৭৫ সালের ৯ই আগস্ট মৃত্যুর মাত্র ছয় দিন পূর্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে এক যুগান্তকারী পদক্ষেপ নিয়েছিলেন। তিনি জাতীয় স্বার্থে দেশের পাচঁটি বৃহৎ গ্যাসক্ষেত্রঃ তিতাস, বাখরাবাদ, রশীদপুর, কৈলাশটিলা ও হবিগঞ্জ গ্যাসক্ষেত্র বহুজাতিক তেল কোম্পানি শেল ইন্টারন্যাশনালের নিকট থেকে মাত্র ১৭.৮৬ কোটি টাকা মূল্যে কিনে নিয়েছিলেন, যার বর্তমান বাজার মূল্য প্রায় সাড়ে ১২ লক্ষ কোটি টাকা। জাতির পিতার এই পদক্ষেপ ছিল বাঙালির মুক্তি সংগ্রামের অংশ হিসেবে জাতীয় স্বার্থে তাঁরই গৃহীত সাংবিধানিক, আইনী ও নীতিগত সিদ্ধান্তের চূড়ান্ত বাস্তবায়ন।

তিনি জানান যে, কাভিড-১৯ এর দ্বিতীয় এবং তৃতীয় ঢেউ সমগ্র বিশ্বের স্বাভাবিক অবস্থাকে ব্যাহত করেছে, একই সাথে মানুষের জীবনহানি এবং পরিবার ও অর্থনীতির ধ্বংসের পথ তৈরি করেছে। তা সত্ত্বেও আলোচ্য অর্থবছরে বাংলাদেশ অসাধারণভাবে কোভিড ভ্যাকসিনের ব্যবস্থা করেছে এবং কৌশলে সেগুলো পরিচালনা করেছে। সব মিলিয়ে কোভিড-১৯ মহামারির বিরূপ প্রভাব এবং আর্থিক মন্দার কারণে বিশ্বের বিভিন্ন দেশের তুলনায় বাংলাদেশের জিডিপি প্রবৃদ্ধিতে অভূতপূর্ব উন্নতি হয়েছে।

চেয়ারম্যান উল্লেখ করেন যে, আলোচ্য বছরে তিনটি তেল বিপণন কোম্পানির মধ্যে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড বাজার নেতৃত্ব শীর্ষে। ২০২১-২০২২ অর্থ বছরে তিনটি তেল বিপণন কোম্পানির পেট্রোলিয়াম পণ্যের মোট বিক্রয় ছিল ৬৮.৫৬ লক্ষ মেট্রিক টন (জেট ফুয়েল সহ), যা ২০২০-২০২১ অর্থ বছরে ছিল ৬২.৩০ লক্ষ মেট্রিক টন। এর মধ্যে ২০২১-২০২২ সালে অত্র কোম্পানির মোট পেট্রোলিয়াম পণ্য বিক্রির পরিমাণ ২৪.৪৯ লক্ষ মেট্রিক টন, যা ২০২০-২০২১ সালে ছিল ২৩.২৭ লক্ষ মেট্রিক টন। তিনটি তেল বিপণন কোম্পানির মধ্যে এমপিএল এর বাজার অংশীদারিত্ব (জেট ফুয়েল ব্যতিত) ৩৮.১১%। এছাড়াও মুনাফা বিবেচনায় বিগত অর্থ বছরের ন্যায় অত্র কোম্পানি ২০২১-২০২২ অর্থ বছরেও তিনটি বিপণন কোম্পানির মধ্যে শীর্ষে অবস্থান করছে।

২০২১-২০২২ অর্থবছরে পেট্রোলিয়াম পণ্যের বিক্রয় বাবদ নীট আয় হয়েছে ২৩৩.১৩ কোটি টাকা, যা ২০২০-২০২১ অর্থবছরে ছিল ২৩৩.২০ কোটি টাকা। কর পূর্ব নীট মুনাফা ২০২১-২০২২ অর্থবছরে দাঁড়িয়েছে ৩৯৫.৭৭ কোটি টাকায়, যা ২০২০-২০২১ অর্থবছরে ছিল ৩৬৪.৩৯ কোটি টাকা। ২০২১-২০২২ অর্থবছরে কর পরবর্তী মুনাফা হয়েছে ৩১৬.৫৩ কোটি টাকা, যা ২০২০-২০২১ অর্থবছরে ছিল ২৮২.১৪ কোটি টাকা।

তিনি উল্লেখ করেন যে, বৈশ্বিক মহামারির চ্যালেঞ্জ সত্ত্বেও, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড গ্রাহকদের কাছে তার পরিসেবা সম্প্রসারিত করতে সক্ষম হয়েছে এবং সঠিক নেতৃত্বই আমাদের সাফল্যের চাবিকাঠি। কোম্পানির অভিষ্ঠ লক্ষ্য অর্জনে কর্মীদের প্রতিশ্রুতি এবং নিষ্ঠা আমাদের সহায়তা করেছে। তিনি কঠোর পরিশ্রম, উদ্যম এবং প্রচেষ্টার মাধ্যমে আরেকটি সাফল্যজনক বছর উপহার দেওয়ার জন্য কোম্পানির সর্বস্তরের কর্মকর্তা ও শ্রমিক-কর্মচারীকে ধন্যবাদ জানান। তিনি দৃঢ়ভাবে বিশ্বাস করেন যে, কোম্পানি তার দায়িত্বপূর্ণ ব্যবসায়িক কার্যক্রমের দ্বারা সর্বোচ্চ সেবা, প্রবৃদ্ধি, অভিনবত্ব আনয়ন এবং আধুনিকীকরণে সমর্থ হবে। বাংলাদেশ তার স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ তথা সোনার বাংলা গড়ার লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছেন। সে লক্ষ্যে অর্থনৈতিক উন্নয়নের সাথে সঙ্গতি রেখে জ্বালানি তেলের ব্যবসাও সম্প্রসারিত হচ্ছে। তিনি সরকারের লক্ষ্যমাত্রা অর্জনে অত্র কোম্পানি কাজ করছে মর্মে তাঁর বক্তব্যে উল্লেখ করেন। তিনি আরো উল্লেখ করেন যে, কোম্পানি ২০২১-২০২২ অর্থবছরে সরকারি কোষাগারে ২৭৫.৪২ কোটি টাকা জমা প্রদান করেছে।

দেশে পেট্রোলিয়ামজাত পণ্যের চাহিদা মিটানোর ক্ষেত্রে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর গৌরবজনক ঐতিহ্য রয়েছে। পেট্রোলিয়াম পণ্যের চাহিদা, খরাপ্রবণ ও দূরবর্তী এলাকায় সেচ মৌসুমে নির্ধারিত দামে অতিরিক্ত পণ্যের সরবরাহ নিশ্চিত করার ক্ষেত্রে কোম্পানি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। কোম্পানিকে ভবিষ্যতে যে কোন ধরনের ক্ষতিকর প্রভাব থেকে রক্ষা করতে এবং আর্থিকভাবে নিরাপদ ও নিশ্চিত রাখার জন্য কার্যকর ভবিষ্যৎ পরিকল্পনা এবং ভারসাম্যপূর্ণ ব্যবসায়িক বিনিয়োগ নিশ্চিত করা হচ্ছে।

তিনি শেয়ারহোল্ডারগণকে অবহিত করেন যে, ২০২১-২০২২ অর্থ বছরে কোম্পানির পরিচালনা পর্ষদ উচ্চ হারে অর্থাৎ ১৫০% হারে নগদ লভ্যাংশ সুপারিশ করেছে, যা বিগত ২০২০-২০২১ এবং ২০১৯-২০২০ ও ২০১৮-২০১৯ অর্থ বছরেও একই ছিল। তিনি আরো জানান, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড তেল, গ্যাস ও জ্বালানি ক্যাটাগরিতে "আইসিএমএবি বেস্ট কর্পোরেট এওয়ার্ড-২০২১" এ "সিলভার এওয়ার্ড " পুরস্কৃত হয়েছে ।

পরিশেষে তিনি কোম্পানির সম্মানিত গ্রাহক, সরকার, ব্যবসায়িক সহযোগী এবং শেয়ারহোল্ডারবৃন্দকে কোম্পানির প্রতি সহযোগিতা এবং সমর্থন বজায় রাখার জন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং কোম্পানির সেবার সর্বোচ্চ মান বজায় রাখার প্রত্যয় ব্যক্ত করেন। এছাড়াও বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এবং সর্বোপরি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক বিভিন্ন কাজে দিকনির্দেশনা ও সহায়তা প্রদান করায় আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। ২০২২-২০২৩ অর্থ বছরেও অত্র কোম্পানির সাফল্যের ধারা অব্যাহত থাকবে বলে তিনি দৃঢ়ভাবে বিশ্বাস করেন মর্মে উল্লেখ করে তিনি তাঁর স্বাগত বক্তব্য সমাপ্ত করেন।

সভায় অবহিত করা হয় যে, ২০২১-২০২২ অর্থবছরের নিরীক্ষিত বার্ষিক হিসাব বিবরণী এবং অন্যান্য বিষয়ে প্রশ্ন উত্থাপন ও মূল্যবান মতামত প্রদান এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত আলোচ্যসূচি অনুযায়ী ভোটাধিকার প্রয়োগের জন্য বিএসইসি'র নির্দেশনা অনুযায়ী বার্ষিক সাধারণ সভার পূর্বে অন্যূন ২৪ ঘন্টা হতে সর্বোচ্চ ৭২ ঘন্টার মধ্যে এজিএম এর ওয়েব লিংক উন্মুক্ত করে দেয়া হয়েছে। শেয়ারহোল্ডারগণ উক্ত লিংকে সংযুক্ত হয়ে বিভিন্ন প্রশ্ন উত্থাপন করেছেন এবং গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেছেন। সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের প্রশ্ন, মন্তব্য এবং মতামতসমূহ পাঠ করার জন্য কোম্পানি সচিবকে আহবান জানান।

কোম্পানি সচিব অবহিত করেন যে, অংশগ্রহণকারী প্রায় সকল সম্মানিত শেয়ারহোল্ডারগণ করোনাকালে ডিজিটাল প্ল্যাটফর্মে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের জন্য পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয়সহ পরিচালকবৃন্দ ও কোম্পানির সর্বস্তরের কর্মকর্তা ও শ্রমিক-কর্মচারীদের ধন্যবাদ জ্ঞাপন করেছেন। করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে শেয়ারহোল্ডারগণের উপস্থিতিতে এজিএম আয়োজনের বিষয়ে মতামত জানান। শেয়ারহোল্ডারগণ তেল সেক্টরে সর্বোচ্চ মুনাফা অর্জন ও ১৫০% নগদ লভ্যাংশ ঘোষণার জন্য প্রশংসা করেছেন। মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড তেল, গ্যাস ও জ্বালানি ক্যাটাগরিতে "আইসিএমএবি বেস্ট কর্পোরেট এওয়ার্ড- ২০২১" এ "সিলভার এওয়াড" পুরস্কৃত হওয়ায় প্রায় সকল শেয়ারহোল্ডারগণই কোম্পানি পরিচালনা পর্ষদ এবং কোম্পানি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের ভূঁয়সী প্রশংসা করেছেন। তিনি বার্ষিক সাধারণ সভার ওয়েব পোর্টালে করা সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের গুরুত্বপূর্ণ প্রশ্ন, মন্তব্য এবং মতামতসমূহ সভায় নিম্নোক্তভাবে উপস্থাপন করেন এবং Repeated প্রশ্ন বা মতামতসমূহ একবারই উল্লেখ করেন।

**সম্মানিত শেয়ারহোল্ডার জনাব মোঃ সোরহাব হোসেন লিংকন**
বিও আইডি ১২০১৪৭০০০০০২১৭১১
তিনি আগামী বছরগুলিতে আরও বেশী লভ্যাংশ প্রত্যাশা করেন। করোনা মহামারী, রাশিয়া- ইউক্রেন যুদ্ধ ও বৈশ্বিক অর্থনৈতিক মন্দাকালে কোম্পানির ব্যবসা কেমন হচ্ছে তা জানতে চান।

**সম্মানিত শেয়ারহোল্ডার আলহাজ্ব মোঃ আব্দুল ওহাব**
বিও আইডি ১২০১৫৯০০০৮০১৪৩৬৭
তিনি বৈশ্বিক অর্থনৈতিক মন্দার মধ্যেও বিগত বছরের ন্যায় ১৫০% নগদ লভ্যাংশ ঘোষণা করায় কোম্পানির পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। তিনি ভবিষ্যতে শেয়ারহোল্ডাদের উপস্থিতে এজিএম আয়োজনের আশাবাদ ব্যক্ত করেন।

**সম্মানিত শেয়ারহোল্ডার জনাব মোঃ তোফাজ্জল হোসেন খান**
বিও আইডি ১২০৪৪৯০০১৯৭৭০৪৫১

তিনি কোম্পানির পরবর্তী  বার্ষিক সাধারণ সভা দ্রুততম সময়ের মধ্যে আয়োজনের কার্যকর পদক্ষেপ গ্রহনের অনুরোধ জানান।

**সম্মানিত শেয়ারহোল্ডার জনাব এম এ আজিজ শামীম**

বিও আইডি ১২০৩৮৬০০১৪১৪৯৬০৭

তিনি ১৫০% লভ্যাংশ প্রদান করায় সন্তোষ প্রকাশ করেন, তবে ভবিষ্যতে ১৮০-২০০% লভ্যাংশের আশাবাদ ব্যক্ত করেন। তিনি কোম্পানির ভবিষ্যৎ ব্যবসায়িক পলিসি সম্পর্কে জানতে চান।

**সম্মানিত শেয়ারহোল্ডার জনাব কবির আহমেদ চৌধুরী**

বিও আইডি ১৬০১৮৮০০৪৫৮৪৩৫০০

মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর গৌরব উজ্জ্বল ৪৫ বছর পূর্ণ হওয়ায় তিনি কোম্পানির সম্মানিত চেয়ারম্যান, পরিচালকবৃন্দ এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষসহ সকলকে শুভেচ্ছা জানান। তিনি ১৫০% নগদ লভ্যাংশ ঘোষণায় সন্তোষ প্রকাশ করেন এবং ভবিষ্যতে শেয়ারহোল্ডারদের উপস্থিতিতে এজিএম আয়োজনের আশাবাদ ব্যক্ত করেন।

**সম্মানিত শেয়ারহোল্ডার বাবু দিলীপ কুমার সাহা**

বিও আইডি ১২০৩০১০০১৬৫৪৫৬৬৬

চমৎকার ডিভিডেন্ড দেওয়ার জন্য এবং দূরদর্শী ব্যবস্থাপনার জন্য তিনি সম্মানিত চেয়ারম্যান, পরিচালনা পর্ষদের সদস্যদের ও ব্যবস্থাপনা পরিচালক-কে ধন্যবাদ জানান। ভবিষ্যতে কোম্পানির ব্যবসা আরো বৃদ্ধি এবং শেয়ারহোল্ডারদের অধিকার নিশ্চিত হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

**সম্মানিত শেয়ারহোল্ডার মিসেস শেফালী সাহা**

বিও আইডি ১২০৩০১০০১৬৫৪৫৬৫৮

তিনি কোম্পানির পরিচালনা পর্ষদ এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে তাদের দীর্ঘ Visionary Management এর জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি কোম্পানির ভবিষ্যৎ ব্যবসায়িক উন্নতির আশাবাদ ব্যক্ত করেন এবং কোম্পানির ইপিএস বৃদ্ধিতে ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে জানতে চান।

**সম্মানিত শেয়ারহোল্ডার জনাব আমিনুল হক**

বিও আইডি ১২০১৮২০০৫৩৮৪০২১৫

তিনি ইপিএস এর তুলনায় লভ্যাংশ ঘোষণার পরিমাণ কম বলে মতামত ব্যক্ত করেন। Retained earnings এর পরিমাণ অধিক মর্মে উল্লেখ করেন।

অতঃপর চেয়ারম্যান সম্মানিত শেয়ারহোল্ডারগণের উত্থাপিত বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান এবং তাদের মতামতের বিষয়ে বক্তব্য প্রদানের জন্য কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ মাসুদুর রহমান-কে আহবান জানান।

**<u>কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ মাসুদুর রহমান এর বক্তব্য ঃ</u>**

ব্যবস্থাপনা পরিচালক কোম্পানির ৪৪তম বার্ষিক সাধারণ সভায় ডিজিটাল প্লাটফর্মে সংযুক্ত কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সম্মানিত সিনিয়র সচিব ও কোম্পানি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান, পরিচালকবৃন্দ; বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের সম্মানিত চেয়ারম্যান ও সরকারের সচিব এবং বিপিসি'র সম্মানিত পরিচালকবৃন্দ, সচিব ও উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ; বিপিসি'র অঙ্গ প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ ও উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ; সম্মানিত শুধীমন্ডলীদের স্বাগত জানান। তিনি বক্তব্যের শুরুতে গভীর শ্রদ্ধার সাথে স্বরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের সকল সদস্যদের, যাঁরা ১৯৭৫ সালের ১৫ আগষ্ট নির্মমভাবে শাহাদাত বরণ করেন। তিনি শ্রদ্ধার সাথে আরো স্মরণ করেন ৩০ লাখ শহীদ মুক্তযোদ্ধাদের এবং ২ লক্ষ মা বোনদের; যাদের সর্বোচ্চ আত্মত্যাগের বিনিময়ে আমরা স্বাধীন সার্বভৌম বাংলাদেশ পেয়েছি।

ব্যবস্থাপনা পরিচালক বলেন, করোনাকালে বাংলাদেশ সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনার আলোকে কোম্পানির বার্ষিক সাধারণ সভা ভার্চুয়াল প্লাটফর্ম-এ আয়োজন করা হয়েছে। ভবিষ্যতে পরিবেশ-পরিস্থিতি স্বাভাবিক হলে কোম্পানি বার্ষিক সাধারণ সভা সম্মনীত শেয়ারহোল্ডাগণের উপস্থিতিতে উৎসব মুখর পরিবেশে আয়োজনের আশাবাদ ব্যক্ত করেন। বিএসইসি'র নির্দেশনা অনুযায়ী বার্ষিক প্রতিবেদন কোম্পানির ওয়েব সাইটে সঠিক সময়ে প্রকাশ করা হয়েছে।

তিনি আরও জানান যে, আলোচ্য অর্থবছরে জ্বালানি তেলের অপারেশনাল নেটওয়ার্ক সম্প্রসারণ ও উন্নত করতে এবং অবকাঠামো উন্নয়নের জন্য উল্লেখযোগ্য উন্নয়ন কাজ সম্পন্ন করা হয়েছে। চট্টগ্রামের আগ্রাবাদস্থ বাণিজ্যিক এলাকায় কোম্পানির নিজস্ব  ১২ কাঠা জমিতে নির্মাণাধীন ১৯ তলা ভবনের ০৩টি বেজমেন্ট ও ১ম তলার সম্পূর্ণ কাজ এবং ২য় তলার আংশিক নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। পূর্বে নিয়োগকৃত ঠিকাদার অবশিষ্ট নির্মাণ কাজ সম্পাদনে অপারগতা প্রকাশ করায় তাদের সাথে  চুক্তি বাতিল পূর্বক নতুন নির্মাণ ঠিকাদার নিয়োগের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ইতোপূর্বে অনুষ্ঠিত কোম্পানির  বিভিন্ন সাধারণ সভায় শেয়ারহোল্ডাগণের পরামর্শ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও বিপিসি'র নির্দেশনা অনুযায়ী কোম্পানির সম্পদ (Net Worth) পুনঃমূল্যায়নের লক্ষ্যে Valuer

নিয়োগের জন্য দৈনিক পত্রিকায় Expression of Interest (EOI) প্রকাশ করা হয় এবং গত ১৮-১২-২০২২ তারিখে EOI সমূহ উম্মুক্ত করা হয়েছে, যার মূল্যায়ণ চলমান রয়েছে। খুলনাস্থ মহেশ্বরপাশা ও মিরেরডাঙায় অবস্থিত কোম্পানির মালিকানাধীন ১৩.৩০ একর ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে আয়বর্ধক প্রকল্প গ্রহণের লক্ষ্যে কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের অনুমোদন প্রদান করা হয় এবং এর পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। কোম্পানির অপারেশন্স কার্যক্রমে আরো গতিশীলতা ও স্বচ্ছতা আনয়ণের লক্ষ্যে প্রধান স্থাপনা ও দেশব্যাপী ডিপোর অপারেশনাল কার্যক্রম স্বয়ংক্রিয় পদ্ধতিতে সম্পাদনের লক্ষ্যে Feasibility Study ও EPC ঠিকাদার নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। বিপিসি'র সিঙ্গেল মুরিং পয়েন্ট (এসপিএম) প্রকল্পের আওতায় নির্মাণাধীন পাইপলাইন থেকে সরাসরি কোম্পানির চট্টগ্রামস্থ প্রধান স্থাপনায় ডিজেল গ্রহণের পাইপ লাইন নেটওয়ার্ক নির্মাণ; নতুন স্টোরেজ ট্যাঙ্ক নির্মাণ এবং প্রধান স্থাপনা, চট্টগ্রাম ও সকল ডিপোতে অন্যান্য উন্নয়ন নির্মাণ কাজ সম্পাদনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। কোম্পানির সার্বিক কর্মকান্ডে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ইআরপি সফট্ওয়্যার বাস্তবায়ন; ঢাকার প্রাণকেন্দ্র ১৩১,১৩২ ও ১৩৩ মতিঝিল বাণিজ্যিক এলাকায় কোম্পানির নিজস্ব ২২.৫০ কাঠা জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে বহুতল বাণিজ্যিক ভবন নির্মাণ এবং আলীগঞ্জ ফতুল্লায় একটি পূর্ণাঙ্গ পেট্রোলিয়াম ডিপো নির্মাণের ভবিষৎ পরিকল্পনা রয়েছে। কোম্পানির ব্যবসা সম্প্রসারণের লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং বিপিসি কর্তৃক অনুমোদিত নকশার আলোকে ডিলারের নিজস্ব অর্থায়নে দেশের বিভিন্ন স্থানে তিনটি মডেল ফিলিং ষ্টেশন স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে ঢাকা-চট্টগ্রাম জাতীয় মহাসড়ক সংলগ্ন মিরসরাই-এ অবস্থিত মডেল ফিলিং ষ্টেশন মেসার্স ফারদিন অটো গ্যাস এন্ড ফিলিং ষ্টেশন এর নির্মাণ কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। গাজীপুর-ঢাকা-নারায়ণগঞ্জ মহাসড়ক সংলগ্ন রুপগঞ্জ নারায়ণগঞ্জে নির্মাণাধীন মেসাস পূর্বাচল মডেল রিফুয়েলিং এন্ড অটো গ্যাস স্টেশন এর নির্মাণ কাজ ৯০% শেষ হয়েছে। ঢাকা কলেজের বিপরীত দিকে অবস্থিত ২৫ নং মীরপুর রোড সংলগ্ন মেঘনা মডেল সার্ভিস ষ্টেশন-১ এবং মতিঝিলে অবস্থিত মেঘনা মডেল সার্ভিস ষ্টেশন-২ এর রিমডেলিং ও সংস্কার কাজ ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে। পর্যায়ক্রমে দেশের বিভিন্ন স্থানে অবস্থিত কোম্পানির মালিকানাধীন ফিলিং স্টেশন সমূহকে, মডেল সার্ভিস ষ্টেশন এর আদলে প্রয়োজনীয় রিমডেলিং ও সংস্কার কাজ সম্পাদনের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

উপরোক্ত উন্নয়নমূলক নির্মাণ কাজসমূহ সুচারু রূপে সম্পাদনের জন্য পরিচালনা পর্ষদ সভায় সংরক্ষিত তহবিলে টাকা স্থানান্তরের সুপারিশ করা হয় বলে তিনি সভায় অবহিত করেন। অতঃপর ব্যবস্থাপনা পরিচালক সম্মানিত শেয়ারহোল্ডারগণের বিভিন্ন প্রশ্নের উত্তর এবং মতামত এর বিষয়ে নিম্নোক্তভাবে বক্তব্য প্রদান করেন:

**সম্মানিত শেয়ারহোল্ডার জনাব মোঃ সোরহাব হোসেন লিংকন** (বিও আইডি ১২০১৪৭০০০০০২১৭১১) কর্তৃক আগামী বছরগুলোতে আরও বেশী লভ্যাংশ প্রত্যাশা করেন। করোনা মহামারী, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ ও বৈশ্বিক অর্থনৈতিক মন্দাকালে কোম্পানির ব্যবসা কেমন হচ্ছে তা জানতে চান। এ প্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, একটি দেশের সার্বিক উন্নয়নে জ্বালানি খাত অন্যতম চালিকাশক্তি হিসেবে কাজ করে। কোম্পানি বিগত বছরগুলোর ন্যায় তার মুনাফা অর্জনের ধারা অব্যাহত রেখেছে। আলোচ্য ২০২১-২০২২ অর্থবছরে পেট্রোলিয়াম পণ্যের মোট বিক্রয়ের পরিমাণ ২৪.৪৯ লক্ষ মেঃ টন যা বিগত বছরের চেয়ে ১.২২ লক্ষ মেঃ টন বেশি এবং অত্র কোম্পানির বাজার অংশীদারিত্ব ৩৮.১১%। বিগত বছরের তুলনায় আলোচ্য বছরে কোম্পানির ৩৪.৩৯ কোটি টাকা বেশী করউত্তর মুনাফা অর্জিত হয়েছে। ২০২২-২০২৩ অর্থবছরে জুলাই'২২ থেকে সেপ্টেম্বর'২২ পর্যন্ত ১ম প্রান্তিকে বিগত বছরের একই সময়ের তুলনায় ১.৫১ লক্ষ মেঃ টন বিক্রয় বৃদ্ধি পেয়েছে। একইভাবে কোম্পানির করউত্তর মুনাফা অর্জিত হয়েছে ৯৪.১৩ কোটি টাকা, যা বিগত বছরের একই সময়ের তুলনায় ২৮.৪৮ কোটি টাকা বেশী। বিষয়টি Price Sensitive Information এর মাধ্যমে পূর্বেই সম্মানীত শেয়ারহোল্ডারদেরকে ইতোমধ্যে অবহিত করা হয়েছে। ২০২২-২০২৩ অর্থবছরের ২য় তিন মাসেও কোম্পানির বিক্রয় ও মুনাফা ভালো অবস্থানে রয়েছে। এই উন্নতির ধারবাহিকতা অক্ষুন্ন রাখার লক্ষ্যে কোম্পানি কর্তৃপক্ষ সদা সচেষ্ট। পরিচালনা পর্ষদ ও কোম্পানি কর্তৃপক্ষ সর্বদাই বিনিয়োগকারী/শেয়ারহোল্ডারদের স্বার্থ রক্ষায় সচেষ্ট আছেন মর্মে জানানো হয়।

**সম্মানিত শেয়ারহোল্ডার আলহাজ্ব মোঃ আব্দুল ওহাব (বিও আইডি ১২০১৫৯০০০৮০১৪৩৬৭)** কর্তৃক বৈশ্বিক অর্থনৈতিক মন্দার মধ্যেও বিগত বছরের ন্যায় ১৫০% নগদ লভ্যাংশ ঘোষণা করায় কোম্পানির পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ধন্যবাদ জানিয়ে ভবিষ্যতে শেয়ারহোল্ডাদের উপস্থিতে এজিএম আয়োজনের আশাবাদ ব্যক্ত করেন। এ প্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক সভায় অবহিত করেন যে, কোভিড-১৯ মহামারীর কারণে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনার আলোকে এজিএম ভার্চুয়ালি অনুষ্ঠিত হচ্ছে। ভবিষ্যতে পরিবেশ পরিস্থিতি স্বাভাবিক হলে বিএসইসি'র নির্দেশনার আলোকে অবশ্যই বার্ষিক সাধারণ সভা পূর্বের ন্যায় সম্মানীত শেয়ারহোল্ডাগণের উপস্থিতিতে সরাসরি আয়োজন করার আশাবাদ প্রকাশ করেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেওয়া দুরদর্শী সিদ্ধান্ত "জ্বালানি সর্বোচ্চ অগ্রাধিকার" নীতি গ্রহণের কারণে দেশের জ্বালানি সেক্টর আজ দৃঢ় অবস্থানে রয়েছে বলে তিনি উল্লেখ করেন। এরই ধারাবাহিকতায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও বিপিসি'র সার্বিক ব্যবস্থাপনা ও নিবিড় মনিটরিং এর মাধ্যমে জ্বালানি তেল চাহিদা অনুযায়ী আমদানী করা হচ্ছে এবং পরবর্তীতে বিপিসি'র অঙ্গ প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে সরকার নির্ধারিত একই মূল্যে দেশব্যাপী নিরবচ্ছিন্নভাবে উক্ত জ্বালানি তেল সরবরাহ করা হচ্ছে। জ্বালানি তেল বিপণনে এই সুষ্ঠু ব্যবস্থাপনার কারণেই দেশে কখনোই জ্বালানি তেলের সংকট হয়নি এবং জ্বালানি তেল বিপণনে এ কোম্পানি কৃতিত্বের স্বাক্ষর রেখে চলেছে বলে তিনি মন্তব্য করেন।

**সম্মানিত শেয়ারহোল্ডার জনাব মোঃ তোফাজ্জল হোসেন খান (বিও আইডি ১২০৪৪৯০০১৯৭৭০৪৫১)** কর্তৃক কোম্পানির পরবর্তী বার্ষিক সাধারণ সভা দ্রুততম সময়ের মধ্যে আয়োজনের কার্যকর পদক্ষেপ গ্রহনের বিষয়ে জানতে চাওয়ার প্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, বিএসইসি'র নির্দেশনা এবং কোম্পানির আইন ১৯৯৪ অনুযায়ী বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ২০২০-২০২১ অর্থবছরের হিসাব বিবরণী সম্মানিত শেয়ারহোল্ডারগণের অনুমোদনের জন্য ৪৩তম এজিএম ৫ মার্চ, ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছিল। ২০২১-২০২২ অর্থবছরের হিসাব বিবরণী সম্মানিত শেয়ারহোল্ডারগণের অনুমোদনের লক্ষ্যে এ বছর এজিএম ২ মাস এগিয়ে ০২ জানুয়ারি, ২০২৩ তারিখে অনুষ্ঠিত হচ্ছে। ভবিষ্যতেও বার্ষিক সাধারণ সভা দ্রুততম সময়ে আয়োজনের ব্যাপারে পরিচালনা পর্ষদ ও কোম্পানি কর্তৃপক্ষ সচেষ্ট আছে।

**সম্মানিত শেয়ারহোল্ডার জনাব এম এ আজিজ শামীম (বিও আইডি ১২০৩৮৬০০১৪১৪৯৬০৭)** কর্তৃক ১৫০% লভ্যাংশ প্রদান করায় সন্তোষ প্রকাশ করে ভবিষ্যতে ১৮০-২০০% লভ্যাংশের আশাবাদ ব্যক্ত করেন। তিনি কোম্পানির ভবিষ্যৎ ব্যবসায়িক পলিসি সম্পর্কে জানতে চান। এ বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক সভাকে অবহিত করেন যে, এ কোম্পানি বিগত ৪ বছরে জ্বালানি সেক্টরের মধ্যে সর্বোচ্চ যথাক্রমে: ১৫০%, ১৫০%, ১৫০% ও ১৫০% নগদ লভ্যাংশ প্রদান করেছে। সম্মানীত শেয়ারহোল্ডাগণের সদয় অবগতির জন্য তিনি জানান যে, কোম্পানির লভ্যাংশ বন্টন নীতিমালা পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়েছে, যা বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভূক্ত আছে। উক্ত নীতিমালা অনুযায়ী ভবিষ্যতে সম্মানিত শেয়ারহোল্ডারদের ভালো লভ্যাংশ প্রদানের সার্বিক প্রচেষ্টা অব্যাহত থাকবে। পরিচালনা পর্ষদ ও কোম্পানি কর্তৃপক্ষ সর্বদাই বিনিয়োগকারী/শেয়ারহোল্ডারদের স্বার্থ রক্ষায় সচেষ্ট আছেন। আলোচ্য অর্থবছরে কোম্পানি ব্যবসা সম্প্রসারণের লক্ষ্যে জ্বালানি তেলের অপারেশনাল নেটওয়ার্ক বিস্তার ও উন্নত করতে এবং অবকাঠামো উন্নয়নের জন্য উল্লেখ্যযোগ্য উন্নয়নমূলক কাজ সম্পন্ন করা হয়েছে বলে তিনি জানান। বিক্রয় বৃদ্ধির পাশাপাশি আয়বর্ধক প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে কোম্পানির উত্তোরাত্তর সাফল্য ও মুনাফা বৃদ্ধি হবে বলে কোম্পানির পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আশাবাদী মর্মে তিনি উল্লেখ করেন।

**সম্মানিত শেয়ারহোল্ডার জনাব কবির আহমেদ চৌধুরী (বিও আইডি ১৬০১৮৮০০৪৫৮৪৩৫০০)** কর্তৃক মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর গৌরব উজ্জ্বল ৪৫ বছর পূর্ণ হওয়ায় তিনি কোম্পানির সম্মানিত চেয়ারম্যান, পরিচালকবৃন্দ এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষসহ সকলকে শুভেচ্ছা জানান। তিনি ১৫০% নগদ লভ্যাংশ ঘোষণায় সন্তোষ প্রকাশ করেন এবং ভবিষ্যতে শেয়ারহোল্ডারদের উপস্থিতিতে এজিএম আয়োজনের বিষয়ে জানতে চাইলে ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন যে, আজকের দিন সম্মানিত শেয়ারহোল্ডাদের দিন। কোভিড-১৯ মহামারীর কারণে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনাক্রমে এজিএম ভার্চুয়ালি অনুষ্ঠিত হচ্ছে। ভবিষ্যতে পরিবেশ পরিস্থিতি স্বাভাবিক হলে বিএসইসি'র নির্দেশনার আলোকে অবশ্যই বার্ষিক সাধারণ সভা পূর্বের ন্যায় আপনাদের উপস্থিতিতে সরাসরি আয়োজন করা হবে মর্মে তিনি জানান।

**সম্মানিত শেয়ারহোল্ডার বাবু দিলীপ কুমার সাহা (বিও আইডি ১২০৩০১০০১৬৫৪৫৬৬৬)** কর্তৃক চমৎকার ডিভিডেন্ড ঘোষণার জন্য এবং দূরদর্শী ব্যবস্থাপনার জন্য তিনি সম্মানিত চেয়ারম্যান, পরিচালনা পর্ষদের সদস্যদের ও ব্যবস্থাপনা পরিচালক-কে ধন্যবাদ জানান। ভবিষ্যতে কোম্পানির ব্যবসা আরো বৃদ্ধি এবং শেয়ারহোল্ডারদের অধিকার নিশ্চিত হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এ প্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, পরিচালনা পর্ষদ ও কোম্পানি কর্তৃপক্ষ সর্বদাই বিনিয়োগকারী/ শেয়ারহোল্ডারদের স্বার্থ রক্ষায় সর্বদাই সচেষ্ট আছে।

**সম্মানিত শেয়ারহোল্ডার মিসেস শেফালী সাহা (বিও আইডি ১২০৩০১০০১৬৫৪৫৬৫৮)** কর্তৃক কোম্পানির পরিচালনা পর্ষদ এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে তাদের দীর্ঘ Visionary Management এর জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি কোম্পানির ভবিষ্যৎ ব্যবসায়িক উন্নতির আশাবাদ ব্যক্ত করেন এবং কোম্পানির ইপিএস বৃদ্ধিতে ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে জানতে চান। এ প্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক সভায় সম্মানিত শেয়ারহোল্ডারদের অবহিত করেন যে, ভবিষ্যতে কোম্পানির আয় বৃদ্ধির লক্ষ্যে আয়বর্ধক বিবিধ প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং আরও প্রকল্প গ্রহণের পরিকল্পনা রয়েছে। কোম্পানি কর্তৃক লুব্রিকেটিং অয়েল এর বিক্রয় বৃদ্ধির লক্ষ্যে নানাবিধ বিক্রয় প্রনোদনা প্রদান করা হচ্ছে এবং পেট্রোলিয়াম পণ্য বিক্রয় বৃদ্ধির সার্বিক প্রচেষ্ট অব্যাহত রয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের প্রথম ছয় মাসের তুলনায় ২০২২-২০২৩ অর্থবছরের প্রথম ছয় মাসে বিক্রয় বৃদ্ধি পেয়েছে এবং সে মোতাবেক করউত্তর মুনাফা বৃদ্ধি হলে ইপিএস বৃদ্ধি পাবে মর্মে কোম্পানি কর্তৃপক্ষ আশাবাদী।

**সম্মানিত শেয়ারহোল্ডার জনাব আমিনুল হক (বিও আইডি ১২০১৮২০০৫৩৮৪০২১৫)** কর্তৃক ইপিএস এর তুলনায় লভ্যাংশ ঘোষণার পরিমাণ কম এবং Retained earnings এর পরিমাণ অধিক মর্মে উল্লেখ করেন। এ প্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন যে, কোম্পানি বিগত ৪ বছর ১৫০% হারে নগদ লভ্যাংশ প্রদান করেছে, যা তেল সেক্টরের মধ্যে সর্বোচ্চ। কোম্পানি কর্তৃক গৃহীত উন্নয়নমূলক কাজ সম্পাদনের লক্ষ্যে বেশ অর্থের প্রয়োজন বিধায় রিজার্ভ ফান্ডে টাকা স্থানান্তর অত্যাবশ্যক। উন্নয়নমূলক কার্যাদি সম্পাদন ও ব্যবসা সম্প্রসারণের জন্য নানাবিধ পদক্ষেপ গ্রহণ এবং রিজার্ভ ফান্ডের টাকা বিনিয়োগের কারণে স্বাভাবিকভাবেই ভবিষ্যতে কোম্পানির মুনাফা আরো বৃদ্ধি হবে। এতে করে সন্মানিত শেয়ারহোল্ডারগণ আরো লাভবান হবেন মর্মে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আশাবাদী। ২০২১-২০২২ অর্থবছরে মোট বন্টনযোগ্য মুনাফার ৫১.৭৫% নগদ লভ্যাংশ হিসেবে শেয়ারহোল্ডারগণদেরকে প্রদানের প্রস্তাব করা হয়েছে। কোম্পানির ব্যবসায়িক কার্যক্রম সম্প্রসারণ এবং নানাবিধ উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ করা হয়েছে বিধায় পরিচালক পর্ষদ ২০২১-২০২২ অর্থ বছরে ১৪৫ কোটি টাকা রিজার্ভ ফান্ডে স্থানান্তরের সুপারিশ করেছে। অবশিষ্ট ৫.৯২ কোটি টাকা অবন্টনকৃত মুনাফা হিসেবে পরবর্তী

২০২২-২০২৩ অর্থবছরের হিসাবে স্থানান্তরেরও সুপারিশ করা হয়েছে। রিজার্ভ ফান্ডের টাকা বিনিয়োগ করা হচ্ছে বিধায় কোম্পানি উক্ত খাত হতে সন্তোষজনক মুনাফা পাবে, যা কোম্পানির করউত্তর মুনাফা ও ইপিএস বৃদ্ধিতে উল্লেখযোগ্য অবদান রাখবে মর্মে ব্যবস্থাপনা পরিচালক আশাবাদ ব্যক্ত করেন।

ব্যবস্থাপনা পরিচালক আরো জানান যে, সভায় প্রশ্ন উত্থাপনকারী সকল সম্মানিত শেয়ারহোল্ডারগণের মতামত ও উপদেশ যথাযথভাবে রেকর্ড করা হয়েছে, যা ভবিষ্যতে কোম্পানি সুষ্ঠুভাবে পরিচালনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। পরিশেষে, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ৪৪তম বার্ষিক সাধারণ সভায় ভার্চুয়ালি যোগদনের জন্য সম্মানিত শেয়ারহোল্ডারগণকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানিয়ে এবং 'জয় বাংলা' স্লোগান উচ্চারণ করতঃ তিনি তার বক্তব্য শেষ করেন।

অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী প্রস্তাবের পক্ষে-বিপক্ষে প্রাপ্ত ভোটের ফলাফল ঘোষণার জন্য চেয়ারম্যান কর্তৃক কোম্পানি সচিব-কে আহবান জানানো হলে তিনি নিম্নোক্তভাবে সভায় ফলাফল অবহিত করেন। ভোটের ফলাফলের ভিত্তিতে চেয়ারম্যান আলোচ্যসূচি অনুযায়ী সিদ্ধান্ত প্রদান করেন।

**আলোচ্যসূচি-১**

**০৫ মার্চ, ২০২২ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৪৩তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত নিশ্চিতকরণ।**

কোম্পানি আইন ১৯৯৪ এর ৮৯ (২) ধারা মোতাবেক মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ৪৩তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে এবং পর্ষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত হয়েছে উল্লেখ করে জানানো হয় যে, সম্মানিত শেয়ারহোল্ডারদের সদয় অবগতির জন্য উক্ত কার্যবিবরণী তাদের স্ব-স্ব ই-মেইল এড্রেসে প্রেরিত হয়েছে এবং একইসাথে কোম্পানির ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে।

অতঃপর কোম্পানি সচিব কর্তৃক ঘোষণা করা হয় যে, অনলাইন ভোটিংয়ে আলোচ্যসূচি নম্বর-১ এর প্রস্তাবের পক্ষে ৭,০৭,১৬,২৬২ টি এবং বিপক্ষে ১,৬২৬টি শেয়ার সংখ্যার ভোট প্রদান করা হয়। এমতাবস্থায়, অনলাইন ভোটিংয়ের প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্য এজেন্ডা পাসের ঘোষণার জন্য পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

তৎপ্রেক্ষিতে, পরিচালনা পর্ষদ চেয়ারম্যান কর্তৃক অনলাইন ভোটিংয়ের প্রাপ্ত ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ট ভোটের ভিত্তিতে আলোচ্যসূচি নং-১ এর প্রস্তাব অনুমোদিত হওয়ার বিষয়টি ঘোষণা করা হয়।

**সিদ্ধান্ত ঃ**
অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে ০৫ মার্চ, ২০২২ তারিখে অনুষ্ঠিত মেঘনা পেট্রোলিয়াম লিমিটেডের ৪৩তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হলো।

**আলোচ্যসূচি নং-২ ঃ**

**২০২২ সালের ৩০ জুন তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত হিসাব এবং এর উপর কোম্পানির পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ এবং অনুমোদন।**

২০২২ সালের ৩০ জুন সমাপ্ত বছরের কোম্পানির নিরীক্ষিত হিসাব ও যুগ্ম-বহিঃ নিরীক্ষকদ্বয়ের প্রতিবেদন এবং পরিচালকবৃন্দের প্রতিবেদন শেয়ারহোল্ডারবৃন্দের নিকট প্রেরিত বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত আছে বলে অবহিত করে আশাবাদ ব্যক্ত করা হয় যে, কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ প্রতিবেদনসমূহ পড়েছেন। তাই প্রতিবেদনসমূহ পঠিত বলে গণ্য করার আহবান জানানো হয়।

অতঃপর কোম্পানি সচিব কর্তৃক ঘোষণা করা হয় যে, অনলাইন ভোটিংয়ে আলোচ্যসূচি নম্বর-২ এর প্রস্তাবের পক্ষে ৭,০৭,১৬,০৭৬ টি এবং বিপক্ষে ১,৮৪৭টি শেয়ার সংখ্যার ভোট প্রদান করা হয়। এমতাবস্থায়, অনলাইন ভোটিংয়ের প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্য এজেন্ডা পাসের ঘোষণার জন্য পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

তৎপ্রেক্ষিতে, পরিচালনা পর্ষদ চেয়ারম্যান কর্তৃক অনলাইন ভোটিংয়ের প্রাপ্ত ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ট ভোটের ভিত্তিতে আলোচ্যসূচি নং-২ এর প্রস্তাব অনুমোদিত হওয়ার বিষয়টি ঘোষণা করা হয়।

**সিদ্ধান্ত ঃ**
অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ৩০শে জুন, ২০২২ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত হিসাব ও পরিচালকবৃন্দের প্রতিবেদন শেয়ারহোল্ডারগণ কর্তৃক গৃহিত এবং অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি নং-৩ ঃ**

<u>২০২২ সালের ৩০ জুন সমাপ্ত হিসাব বছরের জন্য ঘোষিত লভ্যাংশ অনুমোদন</u>।

সভায় অবহিত করা হয় যে, আলোচ্য বছরের কর-উত্তর মুনাফা ৩১৬,৫৩,৫১,০৩৯/- টাকা এবং ২০২০-২০২১ অর্থ বছরের অবন্টনকৃত মুনাফা ২,০৩,২৬,২৮০/- টাকা সহ মোট ৩১৮,৫৬,৭৭,৩১৯/- টাকা হতে অবচয় তহবিলে ৫,৩২.২৭.৪৩০/- টাকা বরাদ্দ রাখার পর নীট বন্টনযোগ্য মুনাফার পরিমাণ দাঁড়ায় ৩১৩,২৪,৪৯,৮৮৯/- টাকা। এ বন্টনযোগ্য মুনাফা হতে ২০২১-২০২২ অর্থবছরে কোম্পানির পরিশোধিত মূলধন ১০৮,২১,৬১,০৮০/- টাকার উপর ১৫০ শতাংশ হারে নগদ লভ্যাংশ অর্থাৎ প্রতিটি ১০/- টাকা মূল্যমানের ১০,৮২,১৬,১০৮টি শেয়ারের বিপরীতে ১৫/- টাকা হারে মোট ১৬২,৩২,৪১,৬২০/- টাকা নগদ লভ্যাংশ বাবদ প্রদানের জন্য কোম্পানির পরিচালনা পর্ষদ সুপারিশ করেছে। এছাড়াও ২০২১-২০২২ হিসাব বছরের অবন্টনকৃত মুনাফা হতে ১৪৫,০০,০০,০০০/- টাকা রিজার্ভ ফান্ডে স্থানান্তরের সুপারিশ করেছে। অবশিষ্ট ৫,৯২,০৮,২৬৯/- টাকা অবন্টনকৃত মুনাফা হিসাবে পরবর্তী ২০২২-২০২৩ অর্থবছরে স্থানান্তরিত হবে।

